

ক্ষুদ্র ব্যবসা ও স্বাস্থ্য বিমা

আপনি কি আপনার কর্মীদের স্বাস্থ্য বিমা প্রদান করতে আগ্রহী?

ক্ষুদ্র ব্যবসাগুলো তাদের কর্মীদের জন্য স্বাস্থ্য বিমা প্রদান করার অনেক কারণ আছে, এমনকি সেগুলোর ক্ষেত্রে আইনিভাবে বাধ্যবাধকতা না থাকলেও।

আপনার জন্য কর সুবিধা:

- ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো স্বাস্থ্য বিমার খরচের জন্য তাদের আয়কর থেকে **একটি বিয়োজন** দাবি করতে পারে।
- কর্মীদের স্বাস্থ্য বিমা প্রদান করে এমন কিছু ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠান **স্বাস্থ্য সেবার ট্যাক্স ক্রেডিট** দাবি করতে পারে, যা তাদের **স্বাস্থ্য বিমার** খরচের সর্বোচ্চ 50% পর্যন্ত হতে পারে, যা নির্ভর করবে তাদের ব্যবসার ধরন (লাভ বা অলাভ), কর্মীদের সংখ্যা (25 এর কম), তাদের বেতন এবং আপনার প্রদত্ত অর্থরাশির উপরে।
 - ✓ এই **ট্যাক্স ক্রেডিট** নেওয়ার জন্য আপনার ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠানের বর্তমানে কোনো কর সংক্রান্ত দায় থাকার প্রয়োজন নেই। ক্রেডিট গত বছরের করের দায় মেটাতে পারে কিংবা পরবর্তী 20 বছর ধরে আপনার যে কর প্রদেয় হবে সেই দায়ও মেটাতে পারে।
 - ✓ যে ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর উদ্দেশ্য **লাভ করা নয়**, তাদের ক্ষেত্রে **স্বাস্থ্য পরিচর্যার ট্যাক্স ক্রেডিট ফেরতযোগ্য**।
 - ✓ আপনাকে যোগ্যতার জন্য অবশ্যই NY State of Health স্মল বিজনেস মার্কেটপ্লেস মাধ্যমে কভারেজ প্রদান করতে হবে।

আপনার কর্মীদের জন্য কর সুবিধা:

- যে ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো বিমা প্রদান করে তারা কর্মীদেরকে তাদের বিমার খরচের নিজের অংশ পরিশোধ করার সুযোগ দেওয়ার **মাধ্যমে, করযোগ্য বেতন হ্রাস করে কর্মীদের** কর বাঁচাতে পারে।
- আপনার **কর্মীদের** স্বাস্থ্য বিমার খরচ বাবদ আপনি যে অর্থ প্রদান করেন, তা কর্মীর মোট আয় থেকে বাদ দেওয়া হয় এবং এর ফলস্বরূপ **কর্মীদের অতিরিক্ত কর বাঁচে**।

কর্মীদল এবং পরিচালনাগত সুবিধা:

- যে ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো কর্মীদের স্বাস্থ্য বিমা প্রদান করে তারা এগুলো করতে পারে:
 - আরও ভাল কর্মীদের আকর্ষণ করা এবং ধরে রাখা
 - তাদের কর্মীদের স্বাস্থ্য রক্ষা করা
 - নিয়োগ ও প্রশিক্ষণের খরচ কমানো
- বেশিরভাগ ব্যক্তিদের বিমার আওতা নিতেই হবে, নতুবা জরিমানা দিতে হবে। জাতীয় স্বাস্থ্য পরিচর্যা আইনের অধীনে আপনার কর্মীদের প্রয়োজনীয় বিমা দিতে সাহায্য করার একটা উপায় হল আপনার কর্মীদের বিমা প্রদান করা।
আপনার কর্মীদের স্বাস্থ্য বিমা দিয়ে কর ছাড়ের সুবিধা সম্পর্কে আরো জানতে, কর উপদেষ্টার সঙ্গে কথা বলুন।

স্বাস্থ্য পরিচর্যার সংস্কার সম্বন্ধে আরও বিশদে জানতে এবং কভারেজ দিয়ে শুরু করতে NY State of Health এর ওয়েবসাইট nystateofhealth.ny.gov দেখুন বা 1-855-355-5777 নম্বরে ফোন করুন।

FLY-930 (BE)
Rev. 03/16

NYC
Human Resources
Administration
Department of
Social Services

**HEALTH
INSURANCE
LINK**

এই তথ্য পত্রটি শুধুমাত্র তথ্যমূলক উদ্দেশ্যে NYC Human Resources Administration Office of Citywide Health Insurance Access দ্বারা প্রদান করা হয়। আপনার অধিকার ও দায়িত্বগুলো বোঝার জন্য, অনুগ্রহ করে একজন বিমা প্রদানকারী, ব্রোকার, কর বিষয়ক পরামর্শদাতা বা রাষ্ট্রীয় নিয়ামক কর্তৃপক্ষের পরামর্শ নিন।